দৈনিক সংবাদ

JAN 14 2002

১২ ঘণ্টা আগে কেন্দ্র বহাল

# ঠাকুরগাঁওয়ে ডিগ্রি
# পরীক্ষায় নকলের হা

ঠাকুরগাঁও থেকে জেলা বা
পরিবেশক ঃ গত ১০ই জানুয়ারি ডি
(পাস) পরীক্ষার প্রথম দি
ঠাকুরগাঁওয়ের কয়েকটি কেন্দ্র ছা
সবক'টি কেন্দ্রে নকলের হাট বসে যায়
জেলার মোট সাতটি কেন্দ্র থেকে ৩শ
২১ জন ছাত্রছাত্রীকে নকল করার দা
বহিষ্কার করা হয়েছে এবং ঠাকুরগাঁ
সরকারি কলেজে নকল সরবরাহকা
পুলিশ ১২টি মোটরসাইকেল আট
করে। এদিকে রুহিয়া কেন্দ্রে নক
নামলাতে এক প্লাটুন বিডিআ
মোতায়েন করা হয়। এবার ডি
পরীক্ষায় জেলার বেশিরভাগ কেন্দ্
বাইরের পরিবেশ শান্ত থাকলেও ভেত
দেদারসে নকল চলে। ঠাকুরগাঁ
রকারি কলেজ কেন্দ্রে ৪৫ জ
পশিবাজ অসুস্থতার সার্টিফিকেট নি
দক বেডে পরীক্ষা দিচ্ছে। এদের কা
থকে জেলা প্রশাসন ও ভিজিলেন্স টি
কবস্তা নকল উদ্ধার করে। সালন্দ
লেজে অবাধে নকল চলে। মাত্র ১২
ণ্টা আগে বিশেষ জিনিসের বিনিময়
হিয়া কলেজ কেন্দ্রটি পুনর্বহাল
য়েছে। রুহিয়া কলেজে ঠাকুরগাঁও
রকারি কলেজ কেন্দ্রের পরীক্ষার্থীদের
রীক্ষা নেয়ার কথা ছিল; কিন্তু প্রচণ্
দবির ও বিশেষ জিনিসের বিনিময়
াতীয় বিশ্ববিদ্যালয়ের কর্তৃপক্ষ এ
দ্ধান্ত পালটাতে বাধ্য হয়। অন্যদিকে
ল্লী কলেজে মোটা অংকের টাকার
নিময়ে নতুনভাবে কেন্দ্র স্থাপন করা
য়েছে। এ বাবদ এখানকার
রীক্ষার্থীদের কাছ থেকে ৩শ' টাকা
রে আদায় করা হয়েছে।